













## ১০০ দিনের কাজ / গ্রাম গড়ছে আজ



- ✓ আপনার গ্রামকে গড়ে তোলার কাজে এই আইনকে ব্যবহার করুন
- ✓ আপনার কাজের প্রয়োজন থাকলে তবেই দরখাস্ত করুন, না হলে নয়।
- ✓ কাজ চেয়ে দরখাস্ত দিলে তার ১৫ দিনের মধ্যে কাজ দিতে কর্তৃপক্ষ বাধ্য। না পেলে অভিযোগ করুন।
- ✓ কোন কার্যকরী সম্পদ তৈরি হয় না এমন কাজ গ্রামে এই প্রকল্পে রূপায়িত হলে প্রতিবাদ করুন।
- ✓ সব কাজের খতিয়ান, সব খরচের হিসাব দিতে গ্রাম পঞ্চায়েত বাধ্য। গ্রাম সংসদের সভাতে আসুন, সমস্যা দেখে থাকলে তা নিয়ে আলোচনা করুন।
- ✓ বছরে ১০০ দিন কাজ আপনার পরিবারের অধিকার। এই অধিকার বুঝে নিন
- ✓ ১০০ দিনের কাজে কেউই শ্রমিক নন। সকলেই সহকর্মী। মর্যাদার সঙ্গে কাজ করুন।
- ✓ ১০০ দিনের কাজে যে সম্পদ তৈরী হবে তা আপনারও কাজে লাগবে। তাই কাজে ফাঁকি দিলে আপনিও ফাঁকিতে পড়বেন। ফাঁকি দেবেন না, অন্যকে ফাঁকি দিতে দেবেন না।
- ✓ যত্ন করে গাছ লাগান। গাছের যত্ন নিন। বৃক্ষপাট্টার সুযোগ ব্যবহার করুন। গাছ বাঁচলে আপনারই লাভ। গাছ রক্ষা করার জন্য বৃক্ষপাট্টাধারীরা মজুরি পাবেন। গাছ বড় হলে তার ফল / কাঠেও আপনার অধিকার থাকবে।
- ✓ হাঁস-মুরগী, গরু-ছাগল রাখার ঘর তৈরিতেও ১০০ দিনের কাজের টাকা ব্যবহার করা যায়। চাইলে এ জন্য পঞ্চায়েতে দরখাস্ত করুন।
- ✓ যেখানেই সম্ভব, পরিবারের মহিলাদের ১০০ দিনের কাজে পাঠান। রোজগারটা তাদের হোক।
- ✓ ১৮ বছরের বেশি বয়সের পুরুষ-মহিলা নির্বিশেষে সবার নাম তুলুন জব কার্ডে
- ✓ জবকার্ডে যাদের নাম আছে তাদের প্রত্যেকের নামে আলাদা আলাদা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলুন
- ✓ পরিবারের প্রত্যেকের জন্য আধার কার্ড সংগ্রহ করার ব্যবস্থা নিন।
- ✓ আধার কার্ডের সঙ্গে আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টকে যুক্ত করুন।
- ✓ গ্রামকে গড়ে তোলার কাজে এই আইনকে ব্যবহার করুন।